৩৮৭

দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 5 .. 1999
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

কারণ ঃ তিনি নকল ধরেছিলেন

# অধ্যাপককে মারপিট পানিতে ডুবিয়ে হত্যার চেষ্টা

টাঙ্গাইল, ৪ঠা জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।— পরীক্ষার হলে নকল করতে বাধা দেয়ায় ছাত্র নামধারী কতিপয় দুর্বৃত্ত বাসাইল এমদাদ-হামিদা ডিগ্রি কলেজের এক অধ্যাপকের উপর নির্যাতন চালিয়েছে। ঘটনার প্রতিবাদে ওই কলেজের শিক্ষকবৃন্দ রোববার পূর্ণ কর্মবিরতি পালন করেন এবং ৪৮ ঘন্টার মধ্যে চিহ্নিত দুর্বৃত্তদের গ্রেফতার করা না হলে পরবর্তী পরীক্ষাসমূহে পরিদর্শকের দায়িত্ব পালন থেকে বিরত থাকার সিদ্ধান্ত ঘোষণা করেছেন।

গত শনিবার বাসাইল এমদাদ-হামিদা ডিগ্রি কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ইদ্রিস আলী এবং তার স্ত্রী একই কলেজের বাংলা বিভাগের প্রভাষক মাহফিয়া বিলকিস টেম্পোযোগে কলেজ থেকে টাঙ্গাইল শহরে ফেরার পথে নগর জলপাই নামক স্থানে দুর্বৃত্তরা টেম্পো থামায়। তারা অন্য যাত্রীদের নামিয়ে দিয়ে অধ্যাপক ইদ্রিস আলীকে তার স্ত্রীর বাধার মুখে টেনেহেঁচড়ে নামিয়ে বাইরে আনে এবং গাছের সঙ্গে বেধে প্রহার করে। পরে দুর্বৃত্তরা অধ্যাপক ও তার স্ত্রীকে পুনরায় টেম্পোতে উঠিয়ে আশেকপুর আটপুকুরে নিয়ে যায়। অধ্যাপক ইদ্রিস আলীকে পুকুরে নামিয়ে দুর্বৃত্তরা তার মাথা পানিতে চেপে ধরে এবং চাইনিজ কুড়াল ও কিরিচ দিয়ে তার প্রাণনাশের চেষ্টা চালায়।

এ সময় অধ্যাপকের স্ত্রী জোরে চিৎকার করে উঠলে দুর্বৃত্তরা পালিয়ে যায়। লোকজন দৌড়ে এসে অধ্যাপককে উদ্ধার করে।

কারণ ঃ পৃঃ ১১ কঃ ১

## কারণ ঃ নকল ধরেছিলেন

(১ম পৃষ্ঠার পর)

ঐ ঘটনার প্রতিবাদে রোববার বাসাইল কলেজে অধ্যাপক আবদুল আওয়ালের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ঘটনার নিন্দা জানানো হয়। বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির জেলা শাখার সভাপতি অধ্যাপক তপন বর্ধন এবং সাধারণ সম্পাদক অধ্যাপক নাজির হোসেন এক বিবৃতিতে এই ঘটনার নিন্দা এবং দোষীদের গ্রেফতারের দাবি জানিয়েছেন।